



ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের
জন্য প্রদেয় সেবাসমূহ

বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেস্ক কর্তৃক সহায়তা

- ▶ বিদেশগামী ও প্রত্যাগত কর্মীদের বিদেশ গমন ও প্রত্যাবর্তনকালে সহায়তা;
- ▶ মৃতদেহ পরিবহন ও দাফন খরচ বাবদ ৩৫ হাজার টাকার চেক প্রদান;
- ▶ বিমানবন্দর সংশ্লিষ্ট আনুষ্ঠানিকতা সম্পাদনে সহযোগিতা;

ওয়েজ আর্নার্স সেন্টার

- ▶ বিদেশগামী ও প্রবাস ফেরত কর্মীদের সাময়িক আবাসন সুবিধাসহ বিভিন্ন সেবা প্রদানের জন্য ঢাকাস্থ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের সন্নিহিত নিরাপদ ও মনোরম পরিবেশে “ওয়েজ আর্নার্স সেন্টার” পরিচালনা;

শিক্ষা কার্যক্রম

- ▶ প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান;
- ▶ প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিতে সহায়তা ও কোটা সংরক্ষণ;
- ▶ বোর্ডের অর্থায়নে প্রবাসে শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপন এবং বাংলাদেশি কমিউনিটির মাধ্যমে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানে অনুদান প্রদান;

বীমা কার্যক্রম

- ▶ প্রবাসী কর্মী ও তাঁর পরিবারকে বীমা সুবিধা প্রাপ্তিতে সহায়তা;

প্রতিবন্ধী ভাতা

- ▶ প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের প্রতিবন্ধী ভাতা প্রদান;

আহত ও অসুস্থ কর্মীদের সহায়তা

- ▶ আহত ও অসুস্থ কর্মীকে দেশে আনয়নে সহায়তা ;
- ▶ প্রবাসে আহত ও অসুস্থ কর্মীদের দেশে ফেরত আনয়ন ও হাসপাতালে ভর্তির ব্যবস্থা;
- ▶ প্রবাস ফেরত আহত ও অসুস্থ কর্মীর চিকিৎসার্থে সর্বোচ্চ ১ লক্ষ ৫০ হাজার টাকা আর্থিক সহায়তা প্রদান;

প্রবাসে মৃত কর্মীর পরিবারকে আর্থিক সহায়তা

- ▶ বৈধভাবে বিদেশ গমনকারী মৃত কর্মীর পরিবারকে ০৩ লক্ষ টাকা আর্থিক অনুদান প্রদান;
- ▶ প্রবাসে মৃত কর্মীর মৃত্যুজনিত ক্ষতিপূরণ ও বকেয়াসহ অন্যান্য অর্থ আদায়পূর্বক ওয়ারিশদের নিকট বিতরণ;

মৃতদেহ দেশে আনয়ন

- ▶ প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ দেশে আনয়ন/স্থানীয় দাফনে সহায়তা প্রদান;

প্রত্যাগত অভিবাসী ফিরে এলেও পাশে আছি

WEWB
Wage Earners' Welfare Board

অ্যাঞ্চুলেস সেবা

- ▶ বিদেশ ফেরত অসুস্থ ও মৃত কর্মী পরিবহনে বিমানবন্দর হতে অ্যাঞ্চুলেস সেবা প্রদান;

হেল্প ডেস্ক

- ▶ কল্যাণ বোর্ডে আগত সেবা প্রত্যাশীদের হেল্প ডেস্কের মাধ্যমে তাৎক্ষণিক সেবা প্রদান;

আইনী সহায়তা ও লিগ্যাল সেল

- ▶ প্রবাসী কর্মীর পরিবারকে দায়মুক্তি সনদ, অঙ্গীকারনামা, ক্ষমতা অর্পণপত্র, পারিবারিক সনদ, পাওয়ার আব অ্যাটর্নী, এইচ ফরম, এফএএস ফরম তৈরীসহ অন্যান্য আইনী/প্রশাসনিক সহায়তা প্রদান ;

অনিবন্ধিত ও অনাবাসি বাংলাদেশীদের বোর্ডের সদস্য হিসেবে অন্তর্ভুক্তকরণ

- ▶ বহির্গমন ছাড়পত্র ব্যতীত বিদেশে গমনকৃত বাংলাদেশি অভিবাসীকর্মী এবং বিদেশে অবস্থানরত বাংলাদেশি অভিবাসী জনগোষ্ঠী (Diaspora) বহির্গমন ডাটাবেইজে অন্তর্ভুক্ত হয়ে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক প্রদত্ত সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন;

শ্রম কল্যাণ উইংয়ের মাধ্যমে সহায়তা

- ▶ দূতাবাসের ২৯টি শ্রম কল্যাণ উইংয়ের অনুকূলে বোর্ডের বরাদ্দকৃত বাজেট হতে প্রবাসী কর্মীদের নানাবিধ অসুবিধা দূরীকরণে বিভিন্ন কল্যাণমুখী সেবা প্রদান;

বিদেশে সেইফ হোম পরিচালনা

- ▶ প্রবাসে সমস্যা/বিপদগ্রস্ত নারী কর্মীদের সেইফ হোমে আশ্রয় প্রদান এবং প্রয়োজনে দেশে ফেরত আনয়নে সহায়তা প্রদান;

প্রবাসী কল্যাণ ব্যাংক স্থাপনে সহায়তা

- ▶ প্রবাসী কল্যাণ ব্যাংক স্থাপনে পরিশোধিত মূলধনের ৯৫% অর্থ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রদান;

প্রত্যাগত কর্মীদের রিইন্টিগ্রেশন (পুনঃএকত্রীকরণ)

- ▶ বিশ্বব্যাংকের ঋণ সহায়তায় বিদেশ ফেরত কর্মীদের পুনঃএকত্রীকরণের RAISE: Reintegration of Returning Migrants প্রকল্পের ৩১টি জেলা ওয়েলফেয়ার সেন্টারের মাধ্যমে সারাদেশে কল্যাণমূলক নানাবিধ কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। এ প্রকল্পের আওতায় প্রত্যাগত কর্মীদের রেজিস্ট্রেশন, ওরিয়েন্টেশন, কাউন্সিলিং প্রদানপূর্বক এককালীন প্রণোদনা দেওয়া হচ্ছে। এছাড়া রেফারেল সার্ভিসের মাধ্যমে কর্মীর আত্মকর্মসংস্থানে উদ্যোক্তা প্রশিক্ষণ, কারিগরি প্রশিক্ষণ, ঋণ প্রাপ্তিতে সহযোগিতাসহ দক্ষতা সনদ প্রদান করা হচ্ছে।

যে কোন প্রয়োজনে

- ▶ প্রবাসবন্ধু কল সেন্টারের ১৬১৩৫ [টোল ফ্রি], +৮৮০৯৬১০১০২০৩০ (বিদেশ থেকে) মাধ্যমে ২৪/৭ সেবা প্রদান।

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

www.wewb.gov.bd